মিরপুরে সাকিব আল হাসান ভক্ত আর বিদ্রোহীদের ধাওয়া -পাল্টা ধাওয়া

চেম্বার ডেস্ক : পূর্বঘোষিত সূচী অনুযায়ী মিরপুর শেরে বাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়ামের সামনে আজ দুপুর ২টায় সমাবেশ করেন সাকিব ভক্তরা। এরপর তারা লং মার্চ নিয়ে সামনে এগোতে চাইলে আটকে দেয় আইনশৃঙ্খলা বাহিনী। তাদের বাধার মুখে সেখানে অবস্থান নিয়ে নানা স্লোগান দিতে থাকেন।
এরপর এক পর্যায়ে সাকিব ভক্তরা আইন শৃঙ্খলা বাহিনীর চাপে পিছু হটেন। তখন আগে থেকে দাঁড়িয়ে থাকা কয়েকজন লাঠি হাতে হামলা করে সাকিব ভক্তদের ওপর।
তখন ধাওয়া থেকে বাঁচতে উল্টো দিকে স্টেডিয়ামের দুই নম্বর গেটের দিকে দৌড়ে পালানোর চেষ্টা করে সাকিব ভক্তরা। তাতে তাদের আটকাতে ধাওয়া দেয় আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যরা। এতে করে উল্টো দিকে আরেক দফা ধাওয়া পাল্টা ধাওয়া হয়৷ এরপর আইনশৃঙ্খলা বাহিনী পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

এর কিছুক্ষণ পর সাকিব বিরোধীরা ঝটিকা মিছিল নিয়ে আসে। তখন আবার উত্তেজনা সৃষ্টি হলে আইনশৃঙ্খলা বাহিনী ধাওয়া দিয়ে তাদের ছত্রভঙ্গ করে দেয়। স্টেডিয়ামের সামনে বিপুলসংখ্যক আইনশৃঙ্খলা বাহিনী মোতায়েন করা আছে।